


চলতি বছর এইচএসসি পরীক্ষা হবে জুনে

ইত্তেফাক ডিজিটাল রিপোর্ট

প্রকাশ : ৩০ মার্চ ২০২৬, ২২:৪৭



চলতি বছরের উচ্চ মাধ্যমিক (এইচএসসি) ও সমমানের পরীক্ষা আগামী ৭ জুন থেকে শুরু হতে যাচ্ছে। সোমবার (৩০ মার্চ) রাতে শিক্ষামন্ত্রী ড. আনাম আহম্মদ হক মিলন গণমাধ্যমকে পরীক্ষার এই সম্ভাব্য তারিখ নিশ্চিত করেছেন। এর মাধ্যমে দেশজুড়ে অপেক্ষারত লাখ লাখ পরীক্ষার্থীর রুটিন নিয়ে চলা জল্পনার অবসান

ঘটল।

 [দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে Google News অনুসরণ করুন](#)

শিক্ষা মন্ত্রণালয় সূত্রে জানা গেছে, গত ২৯ মার্চ (রবিবার) মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সভাকক্ষে দেশের সব শিক্ষা বোর্ডের চেয়ারম্যানদের নিয়ে একটি গুরুত্বপূর্ণ বৈঠক অনুষ্ঠিত হয়। সেই বৈঠকেই সার্বিক পরিস্থিতি বিবেচনা করে ৭ জুন থেকে পরীক্ষা শুরুর প্রাথমিক সিদ্ধান্ত নেওয়া হয়েছিল। সভায় উপস্থিত একজন বোর্ড চেয়ারম্যান জানিয়েছেন, শিক্ষামন্ত্রীর দিকনির্দেশনা অনুযায়ী এই তারিখ নির্ধারণ করা হয়েছে। এখন আনুষ্ঠানিক অনুমোদনের পর খুব দ্রুতই পরীক্ষার চূড়ান্ত সময়সূচি বা রুটিন প্রকাশ করা হবে।

এবারের এইচএসসি পরীক্ষায় একটি ঐতিহাসিক পরিবর্তন আসতে যাচ্ছে। এবারই প্রথমবারের মতো দেশের ৯টি সাধারণ শিক্ষা বোর্ডসহ মোট ১১টি বোর্ডে অভিন্ন প্রশ্নপত্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে। এর আগে মাদরাসা ও কারিগরি শিক্ষা বোর্ডে অভিন্ন প্রশ্নপত্র থাকলেও সাধারণ বোর্ডগুলোতে আলাদা আলাদা প্রশ্নে পরীক্ষা হতো।

সংশ্লিষ্টরা মনে করছেন, সকল বোর্ডে একই প্রশ্নে পরীক্ষা নেওয়ার এই সিদ্ধান্তের ফলে প্রশ্নপত্রের মান ও মূল্যায়নে সমতা নিশ্চিত হবে। এতে মেধা যাচাইয়ের প্রক্রিয়ায় আরও স্বচ্ছতা আসবে এবং বোর্ডগুলোর মধ্যে ফলের বৈষম্য দূর হবে। শিক্ষা মন্ত্রণালয়ের চূড়ান্ত অনুমোদনের পর চলতি সপ্তাহেই বিস্তারিত সময়সূচি শিক্ষা বোর্ডগুলোর ওয়েবসাইটে প্রকাশ করা হতে পারে।